

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৯.২২.৩৮৮

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪

বিষয় : জেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যানবৃন্দের ও সদস্যের সম্পদের বিবরণ সম্পর্কিত হলফনামা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ০৯ মার্চ ২০২৪ তারিখ কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ও হবিগঞ্জ জেলা পরিষদের চেয়ারম্যান এবং যশোর জেলা পরিষদে ১টি সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যের নাম গত ১৯ মার্চ ২০২৪ তারিখ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয় (কপি সংযুক্ত)।

২। উল্লেখ্য, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ৮ অনুযায়ী নব-নির্বাচিত চেয়ারম্যানবৃন্দের ও সদস্যের দায়িত্বভার গ্রহণের পূর্বে তাঁর এবং পরিবারের স্বাবর ও অস্থাবর সম্পত্তির একটি লিখিত বিবরণ সরকার বরাবর দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

৩। এমতাবস্থায়, জেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যানবৃন্দ ও সদস্যের নিকট হতে সম্পত্তির বিবরণ সংক্রান্ত হলফনামা (৩০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্প) সংগ্রহপূর্বক ০৩(তিন) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। **বিষয়টি অতীব জরুরি।**


মোঃ হাবিবুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা,
জেলা পরিষদ, কুড়িগ্রাম/ঠাকুরগাঁও/সিরাজগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া/হবিগঞ্জ/যশোর।

অনুলিপি:

১. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।